



## তুরস্কের পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে হামাস নেতাদের বৈঠক সহায়তা ও যুদ্ধবিরতি ইস্যুতে সমন্বয়



সংগৃহীত ছবি

তুরস্কের পররাষ্ট্রমন্ত্রী হাকান ফিদান সম্প্রতি হামাসের শীর্ষ নেতা খলিল আল হায়া'র সঙ্গে বৈঠক করেছেন। আঙ্কারা প্রশাসনের বরাত দিয়ে বলা হয়েছে, বৈঠকে মূলত গাজার বর্তমান পরিস্থিতি, যুদ্ধবিরতি এবং মানবিক সহায়তার প্রয়োজনীয়তা নিয়ে বিস্তারিত আলোচনা হয়েছে।

ইস্তানবুলে সোমবার অনুষ্ঠিত বৈঠকে অংশ নেবেন কাতার, সৌদি আরব, মিসর, সংযুক্ত আরব আমিরাত, জর্ডান, পাকিস্তান এবং ইন্দোনেশিয়ার পররাষ্ট্রমন্ত্রীরা। বৈঠকের প্রধান উদ্দেশ্য হচ্ছে যুদ্ধবিরতি চুক্তির পরবর্তী ধাপ নির্ধারণ করা।

গাজার পরিস্থিতি এখনও উদ্বেগজনক। যুদ্ধবিরতি থাকলেও মানবিক সহায়তা পর্যাপ্ত মাত্রায় পৌঁছায়নি। জাতিসংঘ জানায়, ৩০ অক্টোবর গাজার প্রবেশপথ দিয়ে মাত্র ১৪৯টি ট্রাক সহায়তা পৌঁছেছে। সরু করিডোর, যানজট এবং ইসরায়েলি সেনাবাহিনীর বিলম্বের কারণে প্রয়োজনীয় পণ্য পৌঁছাতে সমস্যা তৈরি হচ্ছে।

সূত্র: আনাদোলু এজেন্সি

LENS ASIA